বিষয়সূচি

একনজরে আরবান অ্যাডভানটেজ 02

আরবান অ্যাডভানটেজ কী?

8 UA প্রতিষ্ঠানসমূহ

প্রতিটি প্রতিষ্ঠানে আমি কী করতে পারি?

আরবান অ্যাডভানটেজ প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন 03

বিনা খরচে কীভাবে পরিদর্শন করা যায়?

পরিবারদের জন্য বিশেষ অনুষ্ঠানসমূহ

প্রদর্শনীতে পরিবারদের মাঝে কথপোকথন 04

পরিবারদের জন্য সাধারণ পরামর্শসমূহ

বিভিন্ন কর্মকাণ্ডের উদাহরণ

অনুসন্ধানমূলক প্রশ্নাবলী 05

প্রদর্শনী অন্বেষণে অনুসন্ধানমূলক প্রশ্নাবলী

আমার সন্তানকে আমি কীভাবে বিজ্ঞান শিক্ষায় সহায়তা দিতে পারি? 06

স্কুলে এবং বাড়িতে

urban advantage

science initiative

ফ্যামিলি গাইড

আপনার সন্তানকে নিয়ে নিউ ইয়র্ক সিটির চিড়িয়াখানা, জাদুঘর, বোটানিক্যাল গার্ডেন ও অ্যাকুয়ারিয়ামে বিনা খরচে বিজ্ঞান অনুসন্ধিৎসার একটি সুযোগ।

UA প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন

আরবান অ্যাডভানটেজ কী?

আরবান অ্যাডভানটেজ হলো বিজ্ঞান শিক্ষা সহায়তা প্রদানকারী একটি সিটিব্যাপী প্রোগ্রাম। আরবান অ্যাডভানটেজ বিভিন্ন স্কুল, শিক্ষক, শিক্ষার্থী, এবং পরিবারকে নিউ ইয়র্ক সিটির (NYC) আটটি প্রখ্যাত বিজ্ঞানসমৃদ্ধ সাংস্কৃতিক প্রতিষ্ঠানে অনুষ্ঠিত উদ্দীপনাময় বৈজ্ঞানিক উদ্ভাবনা ও শিক্ষার সাথে সংযুক্ত করে।

শিক্ষার্থী ও পরিবারদের জন্য বিনা খরচে প্রবেশের সুযোগ দেয়ার পাশাপাশি আরবান অ্যাডভানটেজ বিজ্ঞান (সায়েন্স) শিক্ষকদেরকে শিক্ষকতা এবং শিক্ষা অর্জন সমৃদ্ধ করতে নিউ ইয়র্ক সিটির (NYC) বিভিন্ন বিজ্ঞান-সমৃদ্ধ জাদুঘর, চিড়িয়াখানা, বটানিক্যাল গার্ডেন, এবং অ্যাকুয়ারিয়ামের মতো বিভিন্ন সংস্থান ব্যবহারে প্রস্তুত করে এবং ক্লাসরুমে ও বাড়িতে শিক্ষা প্রক্রিয়ায় সহায়তা দিতে অংশগ্রহণকারী স্কুলগুলোকে বিভিন্ন সরঞ্জাম ও সামগ্রী প্রদান করে।

আটটি (৪) আরবান অ্যাডভানটেজ অংশীদার প্রতিষ্ঠান

প্রতিটি UA প্রতিষ্ঠানে আমি কী করতে পারি?

নিউ ইয়র্কে অবস্থিত বিশ্ব মানের সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো দেখা, উপভোগ করা, এবং বিজ্ঞান নিয়ে কাজ করার জন্য সেরা স্থান। UA অংশীদার প্রতিষ্ঠানগুলো প্রতিটি বরোতে অবস্থিত!

- **আমেরিকান মিউজিয়াম অভ ন্যাচারাল হিস্টরি** → পুরো গ্রহের জন্য একটি মাঠ-পর্যায়ের গাইড হিসেবে কাজ করে এমন বিভিন্ন প্রদর্শনী অন্বেষণ করুন; যেমন, আমাদের ডাইনোসর প্রদর্শনীসমূহ।
- **ব্রংক্স জু** → আমেরিকার সর্ববৃহৎ শহুরে চিড়িয়াখানা দেখুন এবং বিশ্বের বিভিন্ন স্থানের 700-এরও বেশি প্রজাতির প্রাণী সম্মুখ থেকে দেখুন।
- **ব্রুকলিন বোটানিক গার্ডেন** → ক্ষুদ্রাকৃতির বনসাই গাছ থেকে শুরু করে সুউচ্চ মেপল্ গাছ দেখুন, কিংবা স্টেইনহার্ড কনজারভেটরিতে বৈচিত্র্যময় আবাসস্থল পরিদর্শন করুন।
- **নিউ ইয়র্ক অ্যাকুয়ারিয়াম** → সমুদ্র বিজ্ঞানে নিমগ্ন হোন এবং বিভিন্ন রঙের মাছ, পেঙ্গুইন, অসাধারণ হাঙর, এবং আরও অনেক কিছু সম্মুখ থেকে দেখুন।
- **নিউ ইয়র্ক বোটানিক্যাল গার্ডেন** → কনজারভেটরিতে একটি বিশ্বের "একো-ট্যুর"-এ (আবাসস্থল বিষয়ক পরিদর্শন) অংশ নিন, কিংবা এটির 250 একর বিস্তৃত প্রাচীন স্থানীয় বন অন্বেষণ করুন।
- **নিউ ইয়র্ক হল অভ সায়েন্স** → "সিটি ওয়ার্কস্"- এ সিটির সায়েন্স বা বিজ্ঞান অনুসন্ধান করুন অথবা "বিগ বাবল্ এক্সপেরিমেন্ট"-এ, বিশাল বাবল্ তৈরি করুন।
- **স্ট্যাটেন আইল্যান্ড জু** → 'রেপটাইল উইং'-এ সরীসৃপ এবং উভচর প্রাণীর জগৎ অন্বেষণ করুন অথবা 'ট্রপিক্যাল ফরেস্ট'-এ ঘুরে বেড়ান।
- **কুইন্স বোটানিক্যাল গার্ডেন** → 1939-1940 সালে নিউ ইয়ররক (NY) ওয়ার্ল্ড ফেয়ার-এ "গার্ডেন অন প্যারেড" থেকে বিবর্তিত এই বাগানটি পরিদর্শন করুন।

UA প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন

বিনা খরচে কীভাবে পরিদর্শন করা যায়?

- যেসব শিক্ষার্থীর বিজ্ঞান শিক্ষক আরবান অ্যাডভানটেজের অংশ তারা ডিজিটাল বা প্রিন্ট সংস্করণে একটি **স্টুডেন্ট +3 ভাউচার** পাবে। এই পুনরায় ব্যবহার যোগ্য ভাউচার শিক্ষার্থী সহ সর্বোচ্চ তিনজন অতিথিকে প্রবেশের সুযোগ দেবে। একজন অতিথিকে অবশ্যই প্রাপ্ত বয়স্ক হতে হবে।
    - UA ওয়েবসাইট: www.urbanadvantagenyc.org দেখুন এবং "Student and Families"-এ (শিক্ষার্থী এবং পরিবারবর্গ) ক্লিক করুন। "Visit Institution" (প্রতিষ্ঠান পরিদর্শন করুন) ট্যাব দেখুন এবং প্রতিটি প্রতিষ্ঠানে কীভাবে আপনার ভাউচার ব্যবহার করবেন সেবিষয়ে নির্দেশনা দেখুন।

- আরবান অ্যাডভানটেজ স্কুলগুলো কোনও সপ্তাহান্তে বা স্কুলের ছুটির দিনে একটি **স্কুল কমিউনিটি ট্রিপ ভাউচার** ব্যবহার করে যেকোনো অংশীদার প্রতিষ্ঠানে একটি ফ্যামিলি ফিল্ড ট্রিপের আয়োজন করতে পারে। পারিবারদের সাথে সম্পৃক্ততাকে উৎসাহ দিতে এবং প্যারেন্ট কোঅর্ডিনেটর দ্বারা আয়োজিত এই ট্রিপগুলো বিনা খরচে দেয়া হয়। আরও তথ্যের জন্য তাদের সাথে যোগাযোগ করুন।

- ফ্যামিলি সায়েন্স ডে এবং এক্সপো ফ্লায়ারগুলো এই পরিবারদের জন্য অনুষ্ঠানগুলোতে UA শিক্ষার্থী এবং পরিবারদেরকে বিনামূল্যে প্রবেশের সুযোগ দেবে।

আরবান অ্যাডভানটেজ-এর পরিবারদের জন্য বিশেষ অনুষ্ঠানসমূহ

ফ্যামিলি সায়েন্স দিনগুলো হলো বিশেষ দিন যখন আমাদের অংশীদার প্রতিষ্ঠানগুলো বিভিন্ন প্রদর্শনী এবং হাতে-কলমের বিজ্ঞান কর্মকাণ্ড অন্বেষণে তাদের দরজা আরবান অ্যাডভানটেজ পরিবারদের জন্য উন্মুক্ত করে দেয়। ফ্যামিলি সায়েন্স দিনগুলো শিক্ষা বছর জুড়ে অনুষ্ঠিত হয়। বিনামূল্যে প্রবেশের সুযোগ পেতে আপনার একটি স্পেশাল ফ্লায়ার প্রয়োজন হবে। আরও তথ্যের জন্য আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা UA বিজ্ঞান (সায়েন্স) শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

আরবান অ্যাডভানটেজ সায়েন্স এক্সপো শিক্ষার্থীদের বিজ্ঞান (সায়েন্স) এবং প্রকৌশল (ইঞ্জিনিয়ারিং) বিষয়ক বিভিন্ন আগ্রহ এবং প্রয়াশ প্রদর্শন এবং উদযাপন করে। এলিমেন্টারি এবং মিডল্ স্কুল শিক্ষার্থীরা সিটিব্যাপী বিভিন্ন স্কুল থেকে তাদের কর্ম প্রদর্শন করতে আমাদের সাথে যোগ দেয়। এই অনুষ্ঠানে আমরা বিভিন্ন পরিবার, স্কুল কর্মী, এবং কমিউনিটি ভিত্তিক সংগঠনকে স্বাগত জানাই।

প্রদর্শনীগুলোতে পরিবারদের সম্পৃক্ততা

পরিবারদের জন্য সাধারণ পরামর্শ

- সহজবোধ্য রাখবেন! প্রদর্শনীতে কিছু প্রশ্ন জিজ্ঞেস করা এবং/অথবা কিছু বিষয় শেয়ার করা ঠিক আছে।
  - আপনি যা দেখছেন তা ব্যাখ্যা করবেন।
  - আপনার ছেলেমেয়েদের সাথে পালাবদলে আপনার প্রশ্ন এবং পর্যবেক্ষণ শেয়ার করুন।

- ছেলেমেয়েরা যেন প্রদর্শনী নিবিড়ভাবে অন্বেষণ করতে পারে সেজন্যে সময় দিন। আপনাকে অনবরত তথ্য অথবা প্রশ্নাবলী দিয়ে তাদেরকে সম্পৃক্ত রাখতে হবে না।

- যদি আপনার একাধিক সন্তান থাকে, তাহলে প্রত্যেক সন্তানের সুনির্দিষ্ট চাহিদা এবং কীভাবে তারা সর্বোত্তম শেখে তা ভাবুন।

- যখন কোনো প্রতিষ্ঠান অন্বেষণ করবেন, তখন শুধু কিছু প্রদর্শনীর প্রতি মনোনিবেশ করুন। কিছু প্রদর্শনীতে বেশি সময় ব্যয় অনেক বেশি অর্থবহ সম্পৃক্ততা এবং শেখায় রূপান্তরিত হয়।

আমি আর কী কর্মকাণ্ড করতে পারি?

- **স্ক্যাভেঞ্জার হান্ট (লুকানো বস্তু খোঁজা)** - ছেলেমেয়েদেরকে কোনো প্রদর্শনীতে বিভিন্ন ছবি, বস্তু, অথবা তথ্য খুঁজে বের করতে দিন। এটি কোনো গাছের বা প্রাণীর অভিযোজন খুঁজে বের করার মতো জটিল হতে পারে, আবার রঙ অথবা আকৃতি খোঁজার মতো সহজ হতে পারে।

- **জার্নাল লেখা** - ছেলেমেয়েদেরকে তাদের প্রশ্ন এবং/অথবা পর্যবেক্ষণ একটি জার্নালে লিপিবদ্ধ করতে বা আঁকতে দিন। যতটুকু সম্ভব বিস্তারিতভাবে করুন।

- **সৃজনশীল প্রজেক্ট তৈরি করুন** - একটি ছবি আঁকতে, একটি কবিতা লিখতে, অথবা অন্য কোনো শৈল্পিক অভিব্যক্তিতে অনুপ্রাণিত হতে একটি প্রদর্শনী ব্যবহার করুন।

- **পপ কালচার (আধুনিক সংস্কৃতি**) - প্রদর্শনীটি আপনার সন্তানের প্রিয় গান, বই, মিউজিক, অথবা মুভির সাথে সংযুক্ত করুন।

- **গল্প শেয়ার করুন!** - আপনি এবং আপনার পরিবার প্রদর্শনীটি সাথে কীভাবে সংযুক্ত সেবিষয়ে তাদের সাথে কথা বলুন!
  - তুমি কি দেখেছ কীভাবে এইসব গাছ-পালা/প্রাণী/বিভিন্ন জিনিস বেড়ে ওঠে?
  - তুমি কি আগ্রহ জাগিয়ে তোলে এমন গাছ-পালা/প্রাণী/বিভিন্ন জিনিস আপনার বাড়ির আশেপাশে দেখেছ?
  - আজ তুমি নতুন কোন বিষয়টি শিখেছ?

প্রদর্শনী অন্বেষণে অনুসন্ধানমূলক প্রশ্নাবলী

প্রতিষ্ঠানের প্রদর্শনীগুলোর সাথে আরও নিবিড়ভাবে সম্পৃক্ত হতে পরিবারদের সহায়তা দিতে এই উদ্দীপক প্রশ্নগুলো ডিজাইন করা হয়েছে। অনুসন্ধান-ভিত্তিক বিভিন্ন প্রশ্ন শিক্ষার্থী এবং প্রাপ্তবয়স্কদেরকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে, ব্যক্তিগত সংযোগ ঘটাতে, এবং সৃজনশীলভাবে চিন্তা করতে উৎসাহিত করে। একসাথে সবাই উপভোগ করার পাশাপাশি— উন্মুক্ত (হ্যাঁ বা না দিয়ে উত্তর দেয়া যায় না, এমন) আলোচনার মধ্য দিয়ে প্রদর্শনীগুলো অন্বেষণের মাধ্যমে, পরিবারেরা তাদের অনুসন্ধিৎসা, বিশ্লেষণী চিন্তা, এবং শেয়ারকৃত শেখা শক্তিশালী করে।

পর্যবেক্ষণ এবং আবিষ্কার

- তুমি সর্বপ্রথম কোন বিষয়টি লক্ষ্য করেছ?
- তুমি কী কী পর্যবেক্ষণ করতে পার?
- কী কী প্রশ্ন অথবা চিন্তা তোমার মনে আসে?

যোগাযোগ স্থাপন

- এটা কি তোমাকে নিজের জীবনের কোনো কিছু মনে করিয়ে দেয়?
- কী কী অতীত অভিজ্ঞতা/বিষয় এটি তোমাকে মনে করিয়ে দেয়?
- এটি বর্তমান বিশ্বের সাথে কীভাবে সংযোগ স্থাপন করে বলে তুমি মনে করো?

দৃষ্টিভঙ্গি অনুসন্ধান

- যদি এই বস্তু/জীবন্ত জিনিসটি কথা বলতে পারতো, তাহলে সেটি বলতো?
- অতীতে না হয়ে আজকে যদি এটি তৈরি হতো, তাহলে এটি দেখতে কেমন এবং কী অনুভব করতো?
- এই প্রদর্শনীটি তোমার যে বন্ধু কখনো দেখেনি তাকে কীভাবে ব্যাখ্যা করবে?

সমস্যা-সমাধান এবং কল্পনা

- এটি কীভাবে তৈরি বা আবিষ্কৃত হয়েছে বলে তুমি মনে করো?
- তুমি যদি এটি পুনরায় ডিজাইন করতে, তাহলে এতে কী পরিবর্তন করবে?
- তুমি এই জীবন্ত জিনিসটির কী কী বৈশিষ্ট বা অভিযোজনে পরিবর্তন আনতে?

আবেগজনিত সংশ্লিষ্টতা

- এটি তোমাকে কেমন অনুভূতি দেয়?
- যদি এই বস্তু/জীবন্ত জিনিসটির কোনো ভাব থাকতো, সেটি কী হবে?
- এই বস্তু/জীবন্ত জিনিসটি কী তোমাকে কৌতুহল কিংবা বিভ্রান্ত করে, নাকি অনুপ্রেরণা দেয়?

পারিবারিক কথোপকথন

- আমরা সবাই কি এখানে একই জিনিস দেখছি, নাকি ভিন্ন কিছু দেখছি?
- তুমি যদি কিউরেটর (পরিষেবক), চিড়িয়াখানা তত্ত্বাবধায়ক, বা উদ্যানতত্ত্ববিদকে একটি প্রশ্ন জিজ্ঞেস করো, তবে সেটি কী হবে?

আমার সন্তানকে আমি কীভাবে বিজ্ঞান শিক্ষায় সহায়তা দিতে পারি?

বাড়িতে	স্কুলে
• আপনার সন্তানকে তার বিজ্ঞানের জ্ঞান সম্প্রসারণের জন্য তাকে পর্যবেক্ষণ করতে, প্রশ্ন করতে এবং পরীক্ষণ করতে উৎসাহিত করুন! • বাড়িতে এবং আপনার কমিউনিটিতে বাইরে খেলাধুলার মাধ্যমে এবং সেখানকার বিজ্ঞান-সমৃদ্ধ বিভিন্ন স্থান, যেমন স্থানীয় পার্ক এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠান ভ্রমণের মাধ্যমে ঘন ঘন বিজ্ঞান শেখার সুযোগ করে দিন। • পড়ার ও বিজ্ঞান গবেষণার জন্য আপনার সন্তানকে লাইব্রেরিতে নিয়ে যাবেন। • আপনার সন্তানের আগ্রহের ভিত্তিতে UA প্রতিষ্ঠানসমূহে সফর পরিকল্পনা করতে আপনার স্টুডেন্ট+3 ভাউচার ব্যবহার করুন।	• আপনার সন্তান ও তার শিক্ষকের সাথে নিয়মিত যোগাযোগ রাখুন। • পরিবারদের জন্য স্কুলের বিভিন্ন অনুষ্ঠান এবং ফ্যামিলি সায়েন্স নাইটগুলিতে যোগ দিন। আপনি এমনকি কোনও UA অংশীদারকে কোনও মজার হাতে কলমের কর্মকাণ্ডে দেখতে পারেন! • আমাদের যেকোনো অংশীদার প্রতিষ্ঠানে আসন্ন ট্রিপে যাবার সুযোগ সম্পর্কে জানতে আপনার সন্তানের বিজ্ঞান (সায়েন্স) শিক্ষক এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন। • আপনার সন্তানকে কোনও সায়েন্স প্রজেক্টের উপর কাজ করতে এবং সেটিকে আমাদের বার্ষিক আরবান অ্যাডভানটেজ এক্সপো-তে প্রদর্শন করতে উৎসাহিত করুন!

SCAN ME

স্টুডেন্ট+3 ভাউচার কীভাবে ব্যবহার করা যায় সেবিষয়ে প্রতিষ্ঠান-সুনির্দিষ্ট তথ্যের জন্য দেখুন:

www.urbanadvantagenyc.org/students-institutions/

American Museum of Natural History

Bronx Zoo
A Wildlife Conservation Society Park

Brooklyn Botanic Garden

New York Aquarium
A Wildlife Conservation Society Park

NYBG New York Botanical Garden

nysci
New York Hall of Science

Queens Botanical Garden

Zoo Staten Island

NYC Public Schools

NYC Office of the Mayor

The Council of the City of New York

আরবান অ্যাডভানটেজ প্রোগ্রামের প্রতি জন-সমর্থন দিয়েছেন স্পিকার এবং সিটি কাউন্সিল অভ নিউ ইয়র্ক, এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্।